গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.১১.০০৬.২০১৭-**৫২৪**

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩
৩০ জুলাই ২০২৬

# প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ২২.১১.২০১৭ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২২০৩.১৭-৪০৭ সংখ্যক স্মারকমূলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন বিভিন্ন পলিটেকনিক ইনস্টিটিউটের "জুনিয়র ইনস্ট্রাক্টর (টেক/ইলেকট্রিক্যাল)" পদে সাময়িকভাবে সুপারিশকৃত নিম্নোক্ত প্রার্থীকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে ১৬০০০-৩৮৬৪০/- বেতনক্রমে (১০ম গ্রেড) বর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগ ও তাঁর নামের পাশে বর্ণিত প্রতিষ্ঠানে পদায়ন করা হলো:

| ক্রমিক | রেজি: নং | নাম, পিতা ও মাতার নাম | পদায়নকৃত প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|
| ১. | ৩০০৭০৮ | মো: ইমরুল হাসান<br>পিতা: মো: আবুল কালাম<br>মাতা: হামিদা বেগম | বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই, রাঙ্গামাটি<br>[সংযুক্ত: কক্সবাজার সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট] |

**শর্তাবলী:**

(ক) তাঁকে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে নির্ধারিত মেয়াদে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(খ) শিক্ষানবিশ হিসেবে ০২ (দুই) বছরকাল কাজ করতে হবে; শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকরি হতে অপসারণ করা হবে;

(গ) উপানুচ্ছেদ (ক) ও (খ)-এ উল্লিখিত প্রশিক্ষন সাফল্যের সাথে সমাপন এবং শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে সরকারি বিধি মোতাবেক চাকরিতে স্থায়ী করা হবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকাল অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ ভ্রমণভাতা/ অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ তিনি ফেরত দিতে বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে;

(ঙ) তিনি যদি চাকরিতে ইস্তফা প্রদান করেন, তবে সরকার কর্তৃক তা গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঘ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ The Public Demands Recovery Act, 1913 এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশকৃত ফলাফলের ভিত্তিতে এবং প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ছ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(জ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঝ) চাকরিতে শিফট নির্ধারণের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত কোন বিষয় সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন, আদেশ ইত্যাদি দ্বারা নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servants (Conduct) Rules, . 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী তাঁর ও তাঁর পরিবারের সদস্যদের মালিকানাধীন/দখলে থাকা সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র তাঁকে চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে। এছাড়া, ১৩(২) উপ-বিধি অনুযায়ী প্রতি ০৫ বছর পরপর ডিসেম্বর মাসে প্রদর্শিত সম্পত্তির হ্রাস-বৃদ্ধির হিসাব বিবরণী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ঠ) বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে এ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে;

(ড) বিসিএস (কারিগরি শিক্ষা) ক্যাডার ও নন-ক্যাডার ইনস্ট্রাক্টর (টেক) পদে পদোন্নতির জন্য ফিডার পদের জুনিয়র ইনস্ট্রাক্টরগণের (টেক) তালিকা পরবর্তিতে নির্ধারণ করা হবে। এ বিষয়ে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত মর্মে বিবেচিত হবে; এবং

(ঢ) চাকরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

০২। অনুচ্ছেদ ১-এ উল্লিখিত শর্তাবলি তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে **আগামী ২৬ শ্রাবণ ১৪৩৩/১০ আগস্ট ২০২৬ তারিখে** তাঁর নামের পাশে বর্ণিত মূল প্রতিষ্ঠানে যোগদানের জন্য অনুরোধ করা হলো। যোগদানপত্র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বরাবর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তাঁর নিয়োগপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

৩০.০৭.২০২৬

মোহাম্মদ মিকাইল
উপসচিব
ফোন: ০২-৫৫১০১০৮৯
ই-মেইল: sastec1@tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.১১.০০৬.২০১৭-**৫২৪(১/১৪)**

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩ / ৩০ জুলাই ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
০৫. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
০৭. অধ্যক্ষ (সকল), পলিটেকনিক ইনস্টিটিউট, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
০৮. উপ-পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
০৯. চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
১০. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য]
১১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
১২. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩. জনাব.............................................................................................
১৪. অফিস নথি।

৩০.০৭.২০২৬

মোহাম্মদ মিকাইল
উপসচিব